দৈনিক বাংলা

তারিখ ... 02 DEC 1994 ...
পৃষ্ঠা ১ কলাম ২

ডাকসু ভিপি–জিএসের বিবৃতি

# ঢাকা ভার্সিটি শিক্ষক সমিতি নেতাদের বক্তব্য অসৎ উদ্দেশ্যপ্রণোদিত

ডাকসু ভিপি আমান উল্লাহ আমান এমপি ও জিএস খায়রুল কবির খোকন একযুক্ত বিবৃতিতে বৃহস্পতিবার বিভিন্ন জাতীয় দৈনিকে প্রকাশিত ঢাকা বিশ্ব-বিদ্যালয় শিক্ষক সমিতির সভাপতি ও সাধারণ সম্পাদকের বক্তব্যে বিস্ময় প্রকাশ করেছেন।

(৫–এর পৃঃ দ্রঃ)

## ঢাকা ভার্সিটি শিক্ষক

(প্রথম পৃষ্ঠার পর)

বৃহস্পতিবার এক বিবৃতিতে নেতৃদ্বয় বলেন, শ্রদ্ধেয় শিক্ষক সমাজ জাতির বিবেক। কিন্তু দুঃখজনক হলেও সত্য যে গতকালের পত্রপত্রিকায় ঢাকা বিশ্ব-বিদ্যালয় শিক্ষক সমিতির সভাপতি ও সাধারণ সম্পাদক যে বিবৃতি দিয়েছেন তাতে মনে হয় এই শিক্ষক সমিতি আওয়ামী লীগের অঙ্গ সংগঠনে রূপান্তরিত হয়েছে। বিবৃতিতে ডাকসু নেতৃদ্বয় বলেন, এই উদ্দেশ্যপ্রণোদিত বিবৃতি প্রদান করে শিক্ষক সমিতি নেতৃদ্বয় ঢাকা বিশ্ব-বিদ্যালয়ের গোটা শিক্ষক সমাজকে হেয়-প্রতিপন্ন করেছেন।

তারা শিক্ষক সমিতির সভাপতি ও সাধরণ সম্পাদকের বিবৃতির তীব্র প্রতিবাদ জানিয়ে বলেন, ডাকসু নির্বাচন ঘোষণা করা হলে মুজিববাদী ছাত্রলীগের সন্ত্রাসীরা ভিসি অফিসে হামলা চালায়। ক্যাম্পাসে নারকীয় সন্ত্রাসের রাজত্ব কায়েম করে। তখন শিক্ষক সমিতির নেতৃদ্বয় কোন বিবৃতি প্রদান করেন না। জগন্নাথ হলে ছাত্রলীগের অভ্যন্তরীণ কোন্দলে জাকির যখন নিহত হন, তখনও শিক্ষক সমিতি চুপ থাকেন। যখন বিরোধীদলীয় নেত্রী শেখ হাসিনা দেশ অচল করে দেয়ার হুমকি দেন তখনও শিক্ষক সমিতি কোন বিবৃতি দেন না। অথচ মাননীয়া প্রধানমন্ত্রী ২৮ নবেম্বরের ছাত্রদলের মহাসমাবেশে ছাত্রসমাজের অতীত গৌরবোজ্জ্বল ভূমিকার কথা স্মরণ করে অতীতের ন্যায় ভবিষ্যতেও গণতন্ত্রকে টিকিয়ে রাখার জন্য ছাত্রসমাজই যথেষ্ট–এই বক্তব্যকে শিক্ষক সমিতির নেতৃদ্বয় সম্পূর্ণ অসৎ উদ্দেশ্যপ্রণোদিতভাবে ভিন্নখাতে প্রবাহিত করার জন্য বিবৃতি প্রদান করেছেন।